



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/7/2021

গভর্নর ক্যাথি হোকল

ব্যবহৃত যানবাহনগুলো যাতে কার্যক্ষম এয়ারব্যাগ সহ বিক্রি করা হয় তা নিশ্চিত করতে গভর্নর হোকলের আইন স্বাক্ষর

"অ্যান্থনি অ্যামোরোস' ল" শীর্ষক আইনটি (S.1834-A/A.394-A) ব্যবহৃত গাড়ির ডিলারদের জন্য একটি কার্যক্ষম এয়ারব্যাগ না থাকা যানবাহন খুচরা বিক্রেতাদের কাছে বিক্রি করাকে নিষিদ্ধ করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ একটি আইনে স্বাক্ষর করেছেন যা ব্যবহৃত গাড়ির ডিলারদের জন্য একটি কার্যক্ষম এয়ারব্যাগ না থাকা যানবাহন খুচরা বিক্রেতাদের কাছে বিক্রি করাকে নিষিদ্ধ করেছে। রকল্যান্ডের একজন তরুণের নামে এই বিলটিকে "অ্যান্থনি অ্যামোরোস' ল" নামকরণ করা হয়েছে, যিনি এমন একটি গাড়িতে দুর্ঘটনার শিকার হয়ে মৃত্যুবরণ করেন যেটি তার কাছে তার অজ্ঞাতে এয়ারব্যাগ ছাড়াই বিক্রি করা হয়েছিল। এই আইনের অধীনে, গাড়ির ক্রেতাদেরকে প্রদান করা সনদে অবশ্যই প্রত্যয়ন করতে হবে যে গাড়িটিতে এয়ারব্যাগ রয়েছে, এবং এয়ারব্যাগটি কার্যক্ষম রয়েছে তা নির্দেশকারী একটি রেডিনেস ইন্ডিকেটর লাইট রয়েছে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসী সড়কপথে ও গাড়িতে চলাচল করার সময় তাদের নিরাপদ থাকার অধিকার রয়েছে" বলেছেন গভর্নর হোকল। "দুর্ঘটনা ঘটলে সেক্ষেত্রে গাড়ি চালকরা যাতে এয়ারব্যাগের মাধ্যমে সুরক্ষা লাভ করেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ, আর একারণেই এই নতুন আইনটি এতটা গুরুত্ব বহন করে। অ্যান্থনি অ্যামোরোসের স্মৃতিতে এই বিলটিতে স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করতে পেরে আমি সম্মানিত বোধ করছি এবং তার স্মৃতির প্রতি সম্মান দেখানোর বিষয়ে তার পরিবারের সমর্থনের জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"

বর্তমানে, কোনো ডিলারের বিক্রি করা ব্যবহৃত গাড়ির মধ্যে কার্যক্ষম এয়ারব্যাগ থাকতে হবে এমন কোনো বাধ্যবাধকতা নেই। এটি গাড়ি চালকদের ঝুঁকির মুখে ফেলছে, কারণ তারা হয়তো সবচেয়ে গুরুত্বপূর্ণ নিরাপত্তা ডিভাইসগুলোর একটি ছাড়াই গাড়ি চালাচ্ছেন, এবং হয়তো তারা এসম্পর্কে অবগতও নন। ব্যবহৃত সব গাড়িতে একটি কার্যক্ষম এয়ারব্যাগ থাকার বিষয়টি আবশ্যিক করার মাধ্যমে, গাড়ির ক্রেতার নিশ্চিত থাকতে পারবেন যে তাদের গাড়িটি চালানোর জন্য নিরাপদ রয়েছে।

স্টেট সিনেটর জেমস স্কোউফিস বলেন, "এখন নথিভুক্ত হয়ে যাওয়া এই 'অ্যান্থনি অ্যামোরোস ল' এর মধ্য দিয়ে সড়কপথে বহু জীবন রক্ষা পাবে। এই স্টেটজুড়ে সব গাড়ি চালক যাতে গাড়ি চালাতে গিয়ে নিরাপদ থাকতে পারেন তা নিশ্চিত করার জন্য তাদের অবিচল

অঙ্গীকারবদ্ধতার জন্য আমি রকল্যান্ড কাউন্টির অ্যামোরোস পরিবারের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। এছাড়াও আমি আমার সহকর্মী অ্যাসেম্বলি সদস্য জেব্রোস্কিকে এই আইনটি চূড়ান্ত পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য তার অব্যাহত মনোবলের জন্য, এবং গভর্নর হোকলকে নিউ ইয়র্কের গাড়ি চালকদের রক্ষা করার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য কেন জেব্রোস্কি বলেন, "এই আইন মোটরযান চালকদের জন্য নিউ ইয়র্ককে আরো বেশি নিরাপদ করে তুলছে এবং একজন অসাধারণ তরুণ রকল্যান্ডবাসীর প্রতি সম্মান প্রদর্শন করেছে। যখন কোনো গাড়িতে এয়ারব্যাগ থাকার কথা থাকে, কিন্তু সেটা থাকে না অথবা কাজ করে না, তখন ট্র্যাজেডি অপেক্ষমাণ থাকে। আপনি সিটবেল্ট ছাড়া কোনো গাড়ি বিক্রি করতে পারবেন না, আর এখন আপনি একটি কার্যক্ষম এয়ারব্যাগ ছাড়াও কোনো গাড়ি বিক্রি করতে পারবেন না। এই জীবন রক্ষাকারী পদক্ষেপে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে এবং তাদের সহযোগিতা ও অনুপ্রেরণাদায়ক সমর্থনের জন্য অ্যামোরোস পরিবারকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)